



বাংলাদেশ ব্যাংক

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৪-১৭০

তারিখ : ২৩ এপ্রিল, ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

“ব্যাংক একীভূতকরণ” প্রসঙ্গে

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে বিভিন্ন ইলেকট্রনিক, প্রিন্ট ও সোশ্যাল মিডিয়ায় ব্যাংক একীভূতকরণ বিষয়ে বিভিন্ন প্রকার সংবাদ প্রকাশিত হয়েছে যা অনেক ক্ষেত্রেই প্রকৃত তথ্যনির্ভর নয়। ফলে ব্যাংক একীভূতকরণ নিয়ে জনমনে নানারকমের বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। তাই বাংলাদেশ ব্যাংক এ বিষয়টি স্পষ্টীকরণের জন্য এই সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ করছে।

মূলত দু’টি উদ্দেশ্য নিয়ে বাংলাদেশ ব্যাংক “ব্যাংক একীভূতকরণ” নিয়ে কাজ করছে :

- ১) ২০২৬ সালে বাংলাদেশ একটি উন্নয়নশীল অর্থনীতির দেশ হিসেবে প্রতিষ্ঠিত হবে। ফলে উন্নয়নশীল অর্থনীতিতে কার্যকর ব্যাংকিং সেবা প্রদানের জন্য দেশে অধিক সক্ষমতাসম্পন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রয়োজন হবে যাতে করে অর্থনৈতিক উন্নয়নে বিনিয়োগের ক্ষেত্রে কোনোরূপ বাধার সৃষ্টি না হয়।
- ২) অপেক্ষাকৃত দুর্বল ব্যাংকের বিদ্যমান সমস্যা সমাধান এবং একইসাথে অপেক্ষাকৃত সবল ব্যাংকের কার্যক্রম উন্নয়নের মাধ্যমে আর্থিক খাতকে শক্তিশালী করা যাতে করে জনস্বার্থে একীভূত ব্যাংক-কোম্পানী অধিকতর সেবা প্রদান করতে পারে।
জনমনে সৃষ্ট বিভ্রান্তি দূরীকরণার্থে ব্যাংক একীভূতকরণের উদ্দেশ্য ও ফলাফল বিষয়ে সকলের জ্ঞাতার্থে বাংলাদেশ ব্যাংক জানাচ্ছে যে,
ক. একীভূতকরণের প্রক্রিয়াধীন ব্যাংকগুলোতে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক আমানতকারীদের জমাকৃত আমানত সম্পূর্ণ নিরাপদ ও সুরক্ষিত থাকবে। একীভূতকরণের কাজ সম্পন্ন হওয়ার পরও স্ব স্ব ব্যাংকের হিসাবধারীদের বর্তমান হিসাব পূর্বের ন্যায় চলমান থাকবে।
খ. একীভূতকরণের আওতাভুক্ত ব্যাংকগুলোর উদ্যোক্তা পরিচালক, বর্তমান পর্যদ ও সাধারণ শেয়ারহোল্ডারদের সম্মতির ভিত্তিতেই একীভূতকরণের কার্যক্রম সম্পন্ন করা হবে।
গ. বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৪ এপ্রিল ২০২৪ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ৮ এ বর্ণিত নীতিমালা অনুসরণ করেই একীভূতকরণের সকল কার্যক্রম সম্পাদন হবে।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সায়দা খানম)

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

টেলিফোন: ৯৫৩০৩০০; মোবাইল: ০১৭১১১৫৪৭৭৮

E-mail: sayeda.khanam@bb.org.bd